রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুলাই ১১, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ/০৯ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ০৩.০৬৮.০২২.০৯.০০.২২.২০১৪-৪০৭**—বাংলাদেশ সরকার ও অন্য কোন দেশের সরকারের মধ্যে অংশীদারিত্ব বা উদ্যোগে অথবা এক বা একাধিক সরকারি সংস্থা বা কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠানের মধ্যে পারস্পরিক সহযোগিতা বা অংশীদারিত্বে অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার লক্ষ্যে জিটুজি ভিত্তিতে ডেভলপার নিয়োগের জন্য Bangladesh Economic Zones (Appointment of Developers) Rules, 2020 এর বিধি-১০ অনুযায়ী নিম্নবর্ণিত প্রক্রিয়াকরণ কমিটি গঠন করা হলো :

| | | | |
|---|---|---|---|
| (ক) | নির্বাহী সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন), বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) | - | সভাপতি |
| (খ) | মহাপরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয় | - | সদস্য |
| (গ) | প্রতিনিধি, পররাষ্ট্র মন্ত্রণালয় (উপসচিব পদমর্যাদার নিম্নে নয়) | - | সদস্য |
| (ঘ) | প্রতিনিধি, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (উপসচিব পদমর্যাদার নিম্নে নয়) | - | সদস্য |
| (ঙ) | প্রতিনিধি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (উপসচিব পদমর্যাদার নিম্নে নয়) | - | সদস্য |
| (চ) | প্রতিনিধি সিপিটিইউ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (উপসচিব পদমর্যাদার নিম্নে নয়) | - | সদস্য |
| (ছ) | প্রতিনিধি, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (উপসচিব পদমর্যাদার নিম্নে নয়) | - | সদস্য |
| (জ) | প্রতিনিধি, পাবলিক প্রাইভেট পার্টনারশিপ কর্তৃপক্ষ (উপসচিব পদমর্যাদার নিম্নে নয়) | - | সদস্য |

০২। কমিটির কার্যপরিধি :

(ক) Bangladesh Economic Zones (Appointment of Developers) Rules, 2020 এর বিধি-১২ তে উল্লিখিত মূল্যায়নের মানদণ্ড, বিধি-৩ এ বর্ণিত যোগ্যতা এবং বিধি ৬ অনুযায়ী প্রদত্ত তথ্যাদির আলোকে ডেভেলপার কর্তৃক দাখিলকৃত প্রস্তাব মূল্যায়ন;

(খ) এ বিষয়ে প্রয়োজনে বিশেষজ্ঞের মতামত গ্রহণ;

(গ) কর্তৃপক্ষের অনুরোধক্রমে দাখিলকৃত প্রস্তাবের কোন পরিবর্তন বা পরিমার্জনকে বিবেচনায় নেয়া অথবা প্রস্তাব দাখিলকারী প্রতিষ্ঠানের সাথে আলোচনাক্রমে প্রস্তাবে কোন পরিবর্তন বা পরিমার্জন আনয়নের জন্য কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান;

(ঘ) প্রস্তাব দাখিলকারী প্রতিষ্ঠানের প্রস্তাব প্রত্যাহারের অনুরোধ বিবেচনা করা এবং প্রত্যাহারের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা;

(ঙ) প্রস্তাব দাখিলকারী প্রতিষ্ঠান এবং/অথবা বেজা'র নিকট হতে প্রস্তাবের যে কোন বিষয়ে স্পষ্টীকরণ চাওয়া;

(চ) প্রস্তাব দাখিলকারী প্রতিষ্ঠানের সাথে নেগোসিয়েশন সভা আহ্বানপূর্বক নেগোসিয়েশন সম্পাদন করা;

(ছ) মূল্যায়ন কার্যক্রমে প্রক্রিয়াকরণ কমিটিকে সহায়তা করার জন্য টেকনিক্যাল কমিটি গঠন করা; এবং

(জ) সিদ্ধান্ত গ্রহণ ও সুপারিশ প্রণয়নের জন্য প্রয়োজনীয় অন্যান্য কার্যাদি সম্পাদন করা।

০৩। প্রক্রিয়াকরণ কমিটি সকল প্রাসঙ্গিক তথ্য, কাগজপত্র ও দলিলাদি বিবেচনায় নিয়ে মূল্যায়নের ভিত্তিতে ডেভেলপার বাছাই করার নিমিত্ত সুপারিশসহ প্রস্তাবনা প্রণয়ন করবে বা ভিন্নরূপ কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

০৪। সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিপরিষদ কমিটির অনুমোদন গ্রহণের পূর্বে, প্রয়োজন হলে, প্রক্রিয়াকরণ কমিটি, সরকারের পক্ষে যে কোন মন্ত্রণালয় এবং/অথবা কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের জন্য সুপারিশ করতে পারবে।

০৫। উপরিউক্ত বিধিমালার উপ-বিধি (২) ও (৩) এবং যে ক্ষেত্রে প্রয়োজন, উপ-বিধি (৪) এর অধীন কার্যাদি সম্পন্ন করার পর প্রক্রিয়াকরণ কমিটি প্রাসঙ্গিক কাগজপত্র ও দলিলাদি এবং প্রস্তাব ও সুপারিশসহ সাকুল্য নথি কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করবে।

০৬। উল্লেখ্য, ০৯-১২-২০১৫ তারিখের ০৩.০৬৮.০২২.০৯.০০.২২.২০১৪-৮৬৯ নং প্রজ্ঞাপনমূলে গঠিত প্রক্রিয়াকরণ কমিটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এতদ্বারা বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আফজাল হোসেন**
পরিচালক।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্মুগং, উপপরিচালক (উপসচিব), (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd